গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কেন্দুয়া, নেত্রকোণা
www. kendua.netrokona.gov.bd

স্মারক নং- ৩১.৪৫.৭২৪৭.০০০.৩৯.০০১.২৫- ২৭

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

**জলমহাল ইজারা বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখা হতে গত ২৩/১১/২০২৫ খ্রি. তারিখে ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী কেন্দুয়া উপজেলার ২০(বিশ) একর পর্যন্ত ৪৬ টি জলমহাল বাংলা ১৪৩৩ সন হতে ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে শুধুমাত্র নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতির নিকট ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

| ক্রমিক নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল (jm.lams.gov.bd) |
| ০২ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৩ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৪ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৫ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ১৫ (পনের) কার্যদিবস | ইজরা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৭ (সাত) কার্যদিবস | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ০৮ | ০১ বৈশাখ (১৪ এপ্রিল) | -- | ইজরা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**:শর্তাবলী:**

১। জলমহালের আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া, নেত্রকোণা এর নামে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

২। জলমহাল সরকার নির্ধারিত ইজারা মূল্যের কম মূল্যে ইজারা দেয়া হবে না ।

৩। সংশ্লিষ্ট জলমহালের জন্য নির্ধারিত ইজারা মূল্যের ২০% জামানত হিসেবে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া, নেত্রকোণা এর নামে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে যা জলমহাল ইজারার শেষ বছরে ইজারা মূল্যের সাথে সমন্বয় হবে ।

৪ । সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৫। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে অবশ্যই সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হতে হবে।

৬। নির্বাহী কমিটিতে বা সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে ঐ প্রতিষ্ঠানটি আবেদনের যোগ্য হবে না ।

৭। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত/বর্তমানে কার্যকর অন্য কোন সমিতির প্রমাণস্বরূপ সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র এবং বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিলের সাপেক্ষে আবেদন করতে পারবেন।

৮। কোন ব্যক্তি অথবা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৯। আবেদনপত্রের সাথে সংগঠন সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১০। নিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্যচাষ, উৎপাদন, সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা ও রূপরেখা সংযুক্ত করতে হবে।

১১। অস্পষ্ট, অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২। আবেদনকারী সমিতি/ সংগঠনের কোন ধরণের জঙ্গি সম্পৃক্ততা/ পূর্বে কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা থাকলে কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে বন্দোবস্ত প্রদান করা হবেনা।

১৩। কোন মৎস্যজীবী সমবায় সমিতি / সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবেনা ।

১৪। খামের উপর জলমহালের নাম উল্লেখ করতে হবে।

১৫। জলমহালের দখল গ্রহণের পূর্বে ৩০০/= (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে প্রয়োজনীয় চুক্তিপত্র সম্পাদন করতে হবে। যাতে প্রযোজ্য শর্তসমূহ উল্লেখ থাকবে।

CamScanner

১৬। জলমহালের ইজারার মেয়াদ ১ বৈশাখ হতে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ একই বছরের ১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। যদি এই সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/ সংগঠন পাবে না এবং জলমহালের পরিসীমা যেখানে যে অবস্থায় আছে, তাহাই সঠিক হিসেবে ইজারাদারকে মেনে নিতে হবে।

১৭। কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমবায়/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই শুধু তারাই আবেদনে অংশ গ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

১৯। সময়মত লিজ মানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অনিয়মের কারণে কোন জলমহালের লিজ বাতিল করা হলে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লিজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

২০। ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে ১ম বছরের সাকুল্য ইজারামূল্যসহ ১৫% ভ্যাট ও ১০% আয়কর বাবদ অর্থ সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগের চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

২১। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছরের ইজারামূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে জেলা প্রশাসক ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না ।

২২। ইজারাকৃত জলমহালগুলি কোনক্রমেই সাবলিজ দেয়া যাবে না, যদি সাবলিজ দেয়া হয় তাহলে উক্ত জলমহালের ইজারা জেলা প্রশাসক বাতিল করবেন এবং জামানতসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা পরবর্তী ৩ (তিন) বছর কোন জলমহালের ইজারার জন্য বা উন্নয়ন প্রকল্পের জন্য আবেদন করতে পারবে না।

২৩। মামলাজনিত কারণে/ উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্য কোন আইনসংগত কারণে জলমহালসমূহের সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না।

২৪। জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে ।

২৫। আদালতে কোন মামলা/ প্রাকৃতিক কারণে কোন ক্ষতিগ্রস্ততার অজুহাত গ্রহণযোগ্য হবে না।

২৬। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশের কোন প্রকার ক্ষতিসাধন করা যাবে না। এরূপ করা হলে ইজারা বাতিল করা হবে।

২৭। লিজ গ্রহিতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন, যাতে কেউ সংশ্লিষ্ট জলমহালে অনুপ্রবেশ বা বেআইনিভাবে দখল না করে তা নিশ্চিত করবেন।

২৮। কোন জলমহাল জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত গ্রহণ করার পরও কেউ যদি ঐ জলমহালের পুনরায় আবেদন পত্র দাখিল করে তাহলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে ।

২৯। জলমহালের কোন অংশে স্থায়ী/ অস্থায়ী বাঁধ দিয়ে প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারি কার্যবিধি ১৩৩ ধারা, অথবা ১৯৫০ সালের মৎস্য সংরক্ষণের কোন বিধান লঙ্ঘিত হয় ।

৩০| অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার বা কালেক্টর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না

৩১। জলমহাল ইজারা দেয়ার পরে কোন সংগঠন / সমিতি জলমহাল ভরাট বা অন্য কোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/ সংগঠন সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রম অংশগ্রহণ করতে হবে।

৩২। অনলাইনে নির্দিষ্ট ফরমে আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতি তাদের সদস্যদেরও নামের তালিকা (ঠিকানাসহ ছবি ও মোবাইল নম্বর) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ ছবি ও মোবাইল নম্বর) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৩৩। কোনো জলমহালের বিষয়ে কোনো মামলার নিষেধাজ্ঞার আদেশ থাকলে কিংবা ইজারা সংক্রান্ত বিষয়ে মহামান্য আদালতের ভিন্নরূপ কোনো সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহাল ক্যালেন্ডার হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে।

**কেন্দুয়া উপজেলাধীন ইজারাযোগ্য ২০(বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহালের তালিকা**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | জলমহালের আয়তন (একর) | বার্ষিক ইজারা মূল্য (টাকা) | ইজারা মেয়াদ(বঙ্গাব্দ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চিরাং | সাজিউড়া বিল | ৬.২৭ | ৭২,৩৫১/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০২ | কান্দিউড়া | কুন্ডলী খাস পুকুর | ০.৪০ | ৯,৮৪০/- | | |
| ০৩ | মাসকা | সেনের বাজার খাস পুকুর | ০.১০ | ৩,৪৭৩/- | | |
| ০৪ | রোয়াইলবাড়ী | আমতলা খাস পুকুর | ১.৯৫ | ৬৩,৬৭০/- | | |
| ০৫ | আশুজিয়া | হাসুয়ারী খাস পুকুর | ১.২৯ | ৭,৭১৮/- | | |
| ০৬ | আশুজিয়া | পাড়া দূর্গাপুর খাস পুকুর | ০.২৩ | ৬,২৭০/- | | |
| ০৭ | কান্দিউড়া | দিঘা বালিয়া বিল | ৬.২৬ | ৪৬,৩০৫/- | | |
| ০৮ | চিরাং | কাশিপুর বিল | ৪.৪০ | ১০,৪১৯/- | | |



CS CamScanner

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৯ | মোজাফরপুর | নাহার বিল | ০.৩৯ | ৪,৪১০/- | | |
| ১০ | আশুজিয়া | গাইনা বিল | ১০.৬৯ | ১০,৯৪১/- | | |
| ১১ | কান্দিউড়া | বিষ্ণুপুর খাস পুকুর | ০.৮৬ | ৮,২৬৯/- | | |
| ১২ | গড়াডোবা | ভূঞার বাজার খাস পুকুর | ০.১৯ | ৯,৩৭৭/- | | |
| ১৩ | গড়াডোবা | হাসকান্দা খাস পুকুর | ০.২৭ | ৭,৫২৪/- | | |
| ১৪ | চিরাং | চিরাং বাজার খাস পুকুর | ০.৬৭ | ৩,৪৭৩/- | | |
| ১৫ | আশুজিয়া | কৈলাটি খাস পুকুর | ০.৫৮ | ১১,৬৯২/- | | |
| ১৬ | নওপাড়া | পাচহার খাস পুকুর | ১.১৫ | ২,৮৯৪/- | | |
| ১৭ | মাসকা | ধলেশ্বরী বিল | ১.৯৪ | ১৪,০৬৬/- | | |
| ১৮ | নওপাড়া | কাউরাট খাস পুকুর | ০.২৯ | ৪,৫৩৮/- | | |
| ১৯ | বলাইশিমুল | লস্করপুর খাস পুকুর | ২.০৮ | ২,২০০/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ২০ | বলাইশিমুল | কৃষ্ণজীবনপুর খাস পুকুর | ০.৮৬ | ১,১৫৮/- | | |
| ২১ | বলাইশিমুল | চাপুরা বিল | ৫.৯৭ | ৯,৬৪৮/- | | |
| ২২ | গন্ডা | কাওড়া খাস পুকুর | ০.৫৭ | ১০,৪১৯/- | | |
| ২৩ | গন্ডা | বীরমাইজ হাটি বিল | ১.৩৮ | ৫,২০৯/- | | |
| ২৪ | পাইকুড়া | পাইকুড়া খাস পুকুর | ১.০০ | ২,৫২৩/- | | |
| ২৫ | পাইকুড়া | নওহাটা খাস পুকুর | ০.৬২ | ২,৩১৫/- | | |
| ২৬ | পাইকুড়া | চিটুয়া বিল | ০.৩০ | ৮,১০৪/- | | |
| ২৭ | পাইকুড়া | করিম খা গাতী খাস পুকুর | ০.৩০ | ১,৯৬৮/- | | |
| ২৮ | পাইকুড়া | পাইকুড়া বিল | ১.২২ | ৪,৬৮৯/- | | |
| ২৯ | পাইকুড়া | পাড়াতলী খাস পুকুর | ০.২৩ | ৩,৪৭৩/- | | |
| ৩০ | বলাইশিমুল | কুমরুড়া খাস পুকুর | ০.৬০ | ৫,৭৮৯/- | | |
| ৩১ | মোজাফরপুর | মিলান্দার বিল | ১১.৫২ | ১২,৭৩৪/- | | |
| ৩২ | চিরাং | গোপালাশ্রম বিল | ৩.৯৬ | ৩,৮৬০/- | | |
| ৩৩ | বলাইশিমুল | ভুগ বিল (যুগলী বিল) | ৬.৫৪ | ৮,৮২০/- | | |
| ৩৪ | কান্দিউড়া | ব্রাহ্মনজাত খাস পুকুর | ০.৪৮ | ২,৩১৫/- | | |
| ৩৫ | আশুজিয়া | নন্দিখিলা বিল | ০.৩০ | ৩,৪৭৩/- | | |
| ৩৬ | কান্দিউড়া | কান্দিউড়া বাজার খাস পুকুর | ০.৫০ | ৩৯,৩৫৯/- | | |
| ৩৭ | মোজাফরপুর | হারুলিয়া খাস পুকুর | ০.৫০ | ৩,৪৭৩/- | | |
| ৩৮ | মাসকা | বালীজুড়া খাস পুকুর | ০.৬৫ | ৬,০৬৪/- | | |
| ৩৯ | গন্ডা | বীরমাইজহাটী খাস পুকুর | ০.২৫ | ৪,৯৬১/- | | |
| ৪০ | মোজাফরপুর | খুরদিয়া বিল | ১৩.১৬ | ৫,৫১৩/- | | |
| ৪১ | আশুজিয়া | উকরাকান্দা খাস পুকুর | ০.২৯ | ৫,৭৮৯/- | | |
| ৪২ | মাসকা | রায়পুর খাস পুকুর | ০.৩৫ | ২,০৮৪/- | | |
| ৪৩ | দলপা | দৈলা খাস পুকুর | ০.৬২ | ১১,১৮৩/- | | |
| ৪৪ | বলাইশিমুল | শৈলজান বিল | ২.০৭ | ১০,০৭২/- | | |
| ৪৫ | বলাইশিমুল | নোয়াটিয়া বিল | ৪.৩৩ | ৭৮,৪৮৮/- | | |
| ৪৬ | বলাইশিমুল | খেচুরিয়া বিল | ৪.১৩ | ৩৮,২৭৫/- | | |

(মো: রিফাতুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কেন্দুয়া, নেত্রকোণা
www.unokendua@yahoo.com

CamScanner

স্মারক নং- ৩১.৪৫.৭২৪৭.০০০.৩৯.০০১.২৫- ২৭ তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৫

প্রাপক : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় / অবগতি ও কার্যার্থে):

০১। জেলা প্রশাসক, নেত্রকোণা।

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নেত্রকোণা।

০৩। উপজেলা নির্বাহী অফিসার .............................(সকল), নেত্রকোণা।

০৪। সহকারী কমিশনার (ভূমি)................................(সকল), নেত্রকোণা।

০৫। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা। (তাঁকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০৬। উপজেলা কৃষি কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।

০৭। উপজেলা সমবায় কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা। (তাঁকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০৮। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা। (তাঁকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০৯। অফিসার ইনচার্জ, কেন্দুয়া থানা।

১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।

১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।

১২। সহকারী প্রোগ্রামার, আই.সি.টি. অধিদপ্তর, কেন্দুয়া, নেত্রকোণা [তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল]

১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.........................................(সকল) ইউনিয়ন ভূমি অফিস কেন্দুয়া, নেত্রকোণা।

(তাকে সংশ্লিষ্ট এলাকার হাট-বাজার সমূহে বিজ্ঞপ্তিটি ঢোল সহরত/মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১৪। চেয়ারম্যান/প্রশাসক......................................(সকল) ইউপি, কেন্দুয়া, নেত্রকোণা (তাঁকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১৫। সভাপতি/সম্পাদক, জেলা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, নেত্রকোণা।

১৬। সভাপতি/সম্পাদক, উপজেলা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, কেন্দুয়া, নেত্রকোণা।

১৭। সম্পাদক,.........................................পত্রিকা (তাঁকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় সংক্ষিপ্ত পরিসরে প্রকাশের জন্য বলা হলো।)

০৫/০১/২৬

(নাঈম-উল ইসলাম চৌধুরী)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কেন্দুয়া, নেত্রকোণা
Email: aclkendua@gmail.com

CamScanner